নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগরভবন, ১০বঙ্গবন্ধুরোড,
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

"শেখহাসিনারমূলনীতি
গ্রামশহরেরউন্নতি"

স্মারকনং- ৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৫২.২৩ ,৩১০ তারিখ : ৩১/০১/২০২৪খ্রিঃ

## সভা'র নোটিশ

**বিষয়: শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে,শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ৩য় ত্রৈমাসিক সভা ০৮/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় নগরভবনের ৫ম তলায় প্রধান নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভা'রআলোচ্যসূচি :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।
২। শিক্ষা সংক্রান্ত বিষয়ক আলোচনা।
৩। বিবিধ।

৩১/০১/২০২৪
মোহাম্মদ হান্নান মিয়া
সহকারী সচিব ও সাচিবিক
দায়িত্ব পালনকারী কর্মকর্তা
শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
মোবাইলঃ ০১৭১২ -১৯০০৬২

বিতরন :

১। জনাব ডাঃ সেলিনা হায়াৎ আইভী ,মাননীয় মেয়র।
সদস্য, শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি।
২। জনাব শারমিন, (প্যানেল মেয়র-০৩), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
সভাপতি, শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি।
৩। জনাব ..............................................
সদস্য, শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১।পি এস টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
২। পি এ টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৩। অফিস কপি।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

## " শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী "

সভাপতি : জনাব শারমিন
কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০৫
ও
সভাপতি
শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ০৮/০২/২০২৪ খ্রি:, রোজ- বৃহস্পতিবার
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সভাকক্ষ

উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া-কে অনুরোধ জানান। অত:পর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদানের আহবান জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী : ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ , অনুমোদন ।**

**আলোচনা ও সিদ্ধান্ত :** সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমতি হয়।

**আলোচ্যসূচী- ২: শিক্ষা সংক্রান্ত বিষয়ক আলোচনা ।**

**আলোচনা :** শিক্ষা সংক্রান্ত কমিটির সভাপতি জনাব শারমিন, প্যানেল মেয়র-৩, কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়ার নিকট জানতে যান যে, শিক্ষা বিস্তারের জন্য আলী আহাম্মদ চুনকা পাঠাগার ও নগর মিলনয়াতনে কি কি ব্যবস্থা বিদ্যমান আছে। সদস্য সচিব সভার অবগতির জন্য জানান যে, (১) পাঠাগারে পাঠকদের সুবিধার্থে সকল জাতীয় ও স্থানীয় পত্রিকা, মাসিক ও ত্রৈমাসিক ম্যাগাজিন রাখা হয়। (২)বিভিন্ন লেখকদের নাটক, উপন্যানের বই পাঠকেদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। (৩) তাছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠী যাতে স্বল্প পরিমানে ভাড়া পরিশোধ সাপেক্ষে নাটক, সভা, সেমিনার ইত্যাদি অনুষ্ঠান করাতে পারে তার ব্যবস্থা রাখা হয়েছে। কমিটির সন্মাতিন সদস্য জনাব নুর উদ্দিন মিয়া, কাউন্সিলর, ০৪ নং ওয়ার্ড ও জনাব মোহাম্মদ শওকত হাসেম শকু, কাউন্সিলর, ১২ নং ওয়ার্ড পাঠাগারে এতসব ব্যবস্থা করার জন্য মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। সদস্য সচিব আরো জানান যে, তাছাড়াও শিক্ষার উন্নয়নের জন্য সিটি কর্পোরেশন বিভিন্ন ক্লাব, মাঠ উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করেছে। সিটি কর্পোরেশন কর্তৃক কলরব কিন্ডারগার্টেন স্কুলের পাঠদান কাযক্রম শুরু হয়েছে।

**সুপারিশ:** সভায় সিটি কর্পোরেশন এলাকায় শিক্ষা বিস্তার সম্পর্কে সিটি কর্পোরেশনের করনীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। (১) স্কুল কলেজগামী ছাত্রীগণ যাতে বখাটেদের দ্বারা ইভটিজিংয়ের স্বীকার না হয় সে বিষয়ে খেয়াল রাখার জন্য সকল সম্মাতিন কাউন্সিলরগণকে অনুরোধ জানানো হয়। (২) শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য বিজ্ঞান মেলা, শিক্ষা সফর, বার্ষিক ক্রীড়া প্রতিযোগতা ইত্যাদি বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য স্কুল কমিটিকে উদ্বদ্ধ করার জন্য সকল সম্মানিত কাউন্সিলরগণকে অনুরোধ জানানো হয়। (৩) স্ব-স্ব ওয়ার্ডের শিক্ষা প্রতিষ্ঠানের জায়গা বেদখল হয়ে থাকলে অথবা যাতায়াতের রাস্তা চলাচলের অনুপযোগী হলে তার জরুরী মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করার জন্য সকল কাউন্সিলরগণকে অনুরোধ জানানো হয়।

সভায় বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শারমিন)
সভাপতি
শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৫২.২৩. ৯৪২/১(৩) তারিখ : ০৮/০২/২০২৪ খ্রি:

অনুলিপি: অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রধান নির্বাহী রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। পি এস টু মেয়র (পরিচ্ছন্ন কর্মকর্তা), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(শারমিন)
সভাপতি
শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

অদ্য ০৮/০২/২০২৪ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকা অনুষ্ঠিত শিক্ষা সংক্রান্ত কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের স্বাক্ষর :

| ক্র:নং | সম্মানিত সদস্যগণের নাম | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শারমিন<br>সভাপতি<br>শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও প্যানেল মেয়র-৩<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০২ | জনাব মো: নুর উদ্দিন মিয়া<br>সম্মানিত সদস্য<br>শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ০৪ নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০৩ | জনাব মোহাম্মদ শওকত হাসেম<br>সদস্য<br>শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ১২নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০৪ | জনাব শাওন অংকন<br>সদস্য<br>শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২২,২৩,২৪<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০৫ | মাননীয় মেয়র মহোদয়<br>সদস্য<br>শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |